



আর্টারিওভেনাস (ধমনী ও শিরার মাধ্যমে)

গ্রাফট

হেমোডায়ালিসিসের জন্য



গ্রাফটসহ সুস্থ থাকার জন্য আপনার যা যা জানা প্রয়োজন

কিডনি (বৃক্ক) অচল হলে তার চিকিৎসার একটি বিকল্প হল হেমোডায়ালিসিস (এইচ.ডি.)। এইচ.ডি. আপনার রক্ত থেকে বর্জ্যপদার্থ ও অতিরিক্ত তরল অপসারণ করে। এইচ.ডি-তে আপনার জীবনরেখা হল আপনার *রক্তনালী প্রবেশপথ* - আপনার রক্তে পৌঁছানোর কোন একটি উপায়। প্রবেশপথ তিন ধরনের: ফিসটুলা, গ্রাফট, ও ক্যাথিটার। এই পুস্তিকাটি গ্রাফটের বিষয়ে।


গ্রাফটের বিষয়ে

গ্রাফট তৈরি করা হয় এক টুকরো কৃত্রিম শিরা ব্যবহার করে ধমনী ও শিরাকে যুক্ত করে। এইচ.ডি.-র জন্য যে তীব্র রক্ত প্রবাহের প্রয়োজন হয় তা আপনার ধমনীতে আছে। আপনার শিরাগুলি আপনার চামড়ার উপরের স্তরের কাছাকাছি থাকে, তাই এইচ.ডি.-র জন্য গ্রাফট ব্যবহার করা যায়। সচরাচর গ্রাফটটি আপনার বাহুতে করা হয়। আপনার বাহুতে আর কোন স্থান না থাকলে আপনার পায়ে গ্রাফট করা হতে পারে।

গ্রাফট হল প্রবেশপথ তৈরির দ্বিতীয় সেরা উপায়। সবচেয়ে ভালো হয় আপনি যদি একটি ফিসটুলা রাখতে পারেন- যা কোন ধমনী ও শিরার মধ্যে এক সরাসরি সংযোগ। ফিসটুলার তুলনায় গ্রাফটে এগুলির প্রবণতা বেশি থাকে:

- সংক্রমণ হওয়া বা রক্ত জমাট বাঁধা, কারণ কৃত্রিম শিরাটি আপনার শরীরের বাইরের একটি বস্তু।
- ক্ষয়ে যাওয়া, কারণ প্রত্যেকবার ব্যবহারের পরে কৃত্রিম শিরাটি নিজে নিজে সেরে ওঠে না।

এই কারণগুলির জন্য, বেশিরভাগ গ্রাফটের হাসপাতালে “টিউন-আপ” করার প্রয়োজন হয়। কত ঘন ঘন? এটি নির্ভর করে গ্রাফটটির উপরে আর কত ভালোভাবে তার যত্ন করা হয়েছে তার উপরে। ডাক্তারদের জন্য নির্দেশাবলী জানায় যে নতুন গ্রাফটগুলির ন্যূনতম 70%-র 1 বছর টিকে থাকা উচিত, 60%-র 2 বছর টিকে থাকা উচিত, এবং 50%-র 3 বছর টিকে থাকা উচিত। (যদি কোন গ্রাফট অকেজো হয়, আপনি হয়ত একটি ফিসটুলার তৈরি করতে পারেন - আপনার ডাক্তারকে জিজ্ঞাসা করুন।)



অস্ত্রোপচারের পর গ্রাফট 2 সপ্তাহের মধ্যে, অথবা ফোলা কমে গেলে এইচ.ডি.-র জন্য ব্যবহার করা যায়। তা কখন (ব্যবহারের জন্য) প্রস্তুত তার সিদ্ধান্ত ডাক্তার বা নার্স নেবেন।

কিডনির রোগ বেশির ভাগ সময় লুক্কায়িত থাকে - আপনি না বললে মানুষ জানতে পারে না যে আপনার তা আছে। কিন্তু গ্রাফট (বা আপনার বাহুর উপর কাটা দাগ) দেখা যেতে পারে, যা আপনাকে মনিয়নে নিতে হবে। আপনার শরীরে কোন পরিবর্তন হলে তার বিষয়ে দুঃখ হওয়া স্বাভাবিক এবং আপনার অনুভূতির বিষয়ে কারোর সাথে কথা বলতে চাওয়া যেতেই পারে। আপনার ডায়ালিসিসের সামাজিক কর্মী এবং অন্যান্য রোগীরা কথা বলার জন্য সহায়ক হতে পারেন।

স্টিল সিঙ্গোমচ কি?

» একজন শল্যচিকিৎসক অবশ্যই আপনার এইচ.ডি.-র প্রয়োজনীয়তা এবং আপনার বাহুর কাজকর্মের সাথে ভার-সাম্য রক্ষা করবেন। স্টিল সিঙ্গোম-এর অর্থ হল যে গ্রাফটটি আপনার বাহুর থেকে খুব বেশি পরিমাণে রক্ত “চুরি” করে। এর ফলে আপনার বাহু ঠাণ্ডা ও অবশ হয়ে পড়ে। যদি তা হয়, আপনার শল্যচিকিৎসককে তা অবিলম্বে জানান; আপনার গ্রাফটের মেরামতের প্রয়োজন হতে পারে। এইচ.ডি.-র সময় একটি দস্তানা (গাভ) পরুন, জিজ্ঞাসা করুন যে একটি হিটিং প্যাড আপনার জন্য নিরাপদ কি না, বা আরো ভালো বোধ করতে আপনার হাত নাড়াচাড়া করুন।



ডায়ালিসিসের জন্য আপনার গ্রাফটটি ব্যবহার করা



ধাপ 1: হাত ধুয়ে নিন

গ্রাফট ব্যবহারের প্রথম ধাপ হল কর্মীদের নিজেদের হাত ধোওয়া। অকুপেশনাল সেফটি অ্যাণ্ড হেলথ অ্যাডমিনিস্ট্রেশন-এর (ও.এস.এইচ.এ.) প্রয়োজনীয়তা অনুযায়ী কর্মীদের নিজেদের এবং আপনাকে সুরক্ষিত রাখতে তাদের হাত ধুতে হবে এবং দস্তানা (গাভ্‌স) পরতে হবে। এইচ.ডি.-র আগে প্রবেশপথ হিসাবে ব্যবহৃত আপনার বাহুটি কিভাবে ধুতে হবে তা আপনার কেন্দ্র আপনাকে শিখিয়ে দেবে।

ধাপ 2: সংক্রমণের দিকে নজর রাখুন

প্রত্যেক এইচ.ডি. চিকিৎসার সময়, আপনার নার্স বা টেকনিশিয়ান আপনার গ্রাফটে কোন সংক্রমণ বা ক্ষতির চিহ্ন আছে কিনা তা দেখবেন। এতে অন্তর্ভুক্ত হল:

- লালভাব, গরমভাব, বা ফুলে যাওয়া
- স্পর্শকাতরতা
- পুঁজ বা ক্ষত

যদি আপনার জ্বর হয় বা আপনি অবসন্ন বোধ করেন, আপনার কেয়ার টিমকে তা জানান।

ধাপ 3: রক্ত প্রবাহের জন্য কান পাতুন

নার্স বা টেকনিশিয়ান আপনার গ্রাফটে রক্তের প্রবাহ একটি স্টেথোস্কোপের মাধ্যমে শুনবেন।

ধাপ 4: প্রবেশপথটি জীবানুনাশক দিয়ে পরিষ্কার করুন


আপনার গ্রাফটটি এইচ.ডি.-র জন্য ব্যবহার করার আগে নার্স বা টেকনিশিয়ান একটি গজ প্যাড এবং জীবানুনাশক সল্যুশন দিয়ে আপনার বাহু পরিষ্কার করবেন।

ধাপ 5: সুচগুলি লাগান

এইচ.ডি.-র জন্য দুটি সুচ ব্যবহার করা হয়। একটি “ধামনিক” সুচ আপনার রক্ত ডায়ালাইজারে পৌঁছে দেয়। একটি “শৈরিক” সুচ রক্ত আপনার শরীরে ফেরৎ আনে। নার্স বা টেকনিশিয়ান এক বারে একটি করে সুচ আপনার ত্বকের মধ্যে দিয়ে আপনার গ্রাফটে নিয়ে যাবেন, এবং তা টেপ করবেন এবং এইচ.ডি. টিউবিং-এর সাথে তা সংযুক্ত করবেন। এইচ.ডি. করার সময় সুচগুলি থেকে ব্যথা লাগা উচিত নয়। যদি তা হয় আপনার কেয়ার টিমকে তা জানান।

ধাপ 6: সুচগুলি সরিয়ে নিন

কোন চিকিৎসার পরে নার্স বা টেকনিশিয়ান - বা আপনি - টেপ খুলে সুচ সরিয়ে রাখবেন। সুচগুলি সম্পূর্ণভাবে বের করে নেওয়ার সাথে সাথে আপনাকে সার্জিকাল গাভ্‌স পরে নিতে হবে এবং রক্ত পড়া বন্ধ করার জন্য প্রায় 10 মিনিট ধরে সুচের স্থানগুলি চেপে রাখতে হবে। **যখন সুচগুলি বের করে নেওয়া হচ্ছে তখন কাউকে আপনার গ্রাফটে চাপ দিতে দেবেন না: এটি আপনার গ্রাফটের ক্ষতি করতে পারে।** কিভাবে সঠিক পরিমাণে চাপ দিতে হবে তা কর্মীরা আপনাকে শিখিয়ে দেবেন। আপনার ক্ষতস্থানগুলি যথেষ্ট সময় (চেপে) ধরে না থাকলে হেমাটোমার (ত্বকের নিচে রক্তপাত) সৃষ্টি হতে পারে বা আপনি কেন্দ্র ছেড়ে চলে যাবার পরে রক্তপাত হতে পারে।



শরীরের প্রতিচ্ছবি ও গ্রাফট

আপনি যাতে স্বস্তি বোধ করেন তাই করুন - আপনার প্রবেশপথটি গর্বিতভাবে দেখানোই হোক বা তা ঢেকে রাখাই হোক ।

» “আমার বাম দিকের বাহুর উপরের দিকে একটি গ্রাফট আছে যা আমি কখনো ব্যবহারও করিনি - তা খুব খারাপ অবস্থায় আছে । আমার বাম দিকের বাহুর নিচের দিকে আমার সক্রিয় গ্রাফটটি আছে, যাতে অনেকবার সংস্কার করা হয়েছে, এবং কিছু কিছু স্থানে ৬ বছর ব্যবহারের পর তা ফুলে আছে । আমাকে পপাইয়ের মত দেখতে লাগে । আমি হয়ত তা লুকিয়ে রাখতে পারতাম, কিন্তু যখন গরম পড়ে আমি হাফ হাতা জামা পরতে চাই । এবং সুযোগ পেলে আমি এখনো সাঁতার কাটি । আমি সিদ্ধান্ত নিয়েছি যে অন্যদের ভাবনা দ্বারা যেন আমার জীবন নিয়ন্ত্রিত না হয় । ভগবানের আশীর্বাদে এবং গ্রাফটের দয়ায় আমি জীবনতে উপভোগ করছি । যখন কোন সুযোগ এসেছে ডায়ালিসিস ও অঙ্গ দানের বিষয়ে আমি অন্যদের শিক্ষাদান করেছি । সুতরাং বুঝতেই পারছেন, নেতিবাচকের বদলে.. এটি খুবই ইতিবাচক হয়ে উঠেছে । যেমন ৩টি সন্তান হওয়ার আমার যুদ্ধের দাগগুলি- স্ট্রেচমার্ক এবং সি-সেকশন ছেদন । আমি কোন কিছুর সাথেই এগুলিকে বিনিময় করব না...”

» “আমার একটি ত্বকের রঙের (টোলা) ইলাস্টিকের হাতা আছে যা আমি ছোট হাতা জামা পরার সময়ে আমরা ডান দিকের বাহুর নিচের দিকে গ্রাফটের উপর পরি । এটি আমার কজি থেকে কনুই পর্যন্ত লম্বা । যদিও এটি নজরে পড়ে, কিন্তু আমার উঁচু নিচু বাহুর থেকে তা দেখতে ভালো লাগে । কিন্তু আমি তা প্রায়শ পরি যাতে আমার বাহুতে খোঁচা না লাগে । আমি এটি একটি চিকিৎসা সংক্রান্ত জিনিসপত্র সরবরাহের দোকান থেকে পেয়েছি । আমার মনে হয় এটি পোড়া দাগের জন্য । এটি অত্যন্ত আরামদায়ক এবং আমাকে কিছুটা সুরক্ষা প্রদান করে ।”

আপনার গ্রাফটটিকে কিভাবে সুস্থ রাখবেন

কোন এইচ.ডি. প্রবেশপথই নিখুঁত হয় না । একটি নতুন গ্রাফট প্রথম কয়েকবার ব্যবহার করা কঠিন হতে পারে । কর্মীদের পক্ষে সুচ ফোটাণো কঠিন হতে পারে, এবং তাদের একবারের বেশি চেষ্টা করতে হতে পারে । গ্রাফট ফুটো হয়ে যেতে পারে- সুচটি নালিকার এক দিক দিয়ে ঢুকে অন্য দিক দিয়ে বেরিয়ে যেতে পারে । রক্ত আপনার টিসুতে চুঁইয়ে যেতে পারে, যার ফলে ফুলে যেতে বা কালশিটে পড়তে পারে । আপনার একটি নতুন সুচ ফোটাণোর প্রয়োজন হবে, এবং কালশিটে ব্যথা হতে পারে ।

কিছু কর্মীরা নতুন বা ব্যবহারকরা-কষ্টসাধ্য গ্রাফটে সুচ ফোটাণোতে পারদর্শী হন । বেশিরভাগ কেন্দ্রেই আপনাকে সাহায্য করতে এই ধরনের কর্মীরা থাকবেন । আর যা যা সমস্যা হতে পারে তা হল সংক্রমণ, রক্তজমাট বাঁধা, এবং গ্রাফটে ক্ষত ।

সংক্রমণ

যে কোন প্রবেশপথে সংক্রমণ হতে পারে । ব্যাকটেরিয়া সব জায়গায় থাকে- ত্বকের উপরে, নাকের ভিতরে, যেকোন কিছুর উপরিভাগে.... যদি সুচটি আপনার চামড়ার মধ্যে দিয়ে তা আপন-ার রক্তে পাঠিয়ে দেয়, তার ফলে রক্তে বিষক্রিয়া, বা সেপসিস হতে পারে । সেপসিস মারাত্মক হতে পারে । আপনার শ্রেষ্ঠ সুরক্ষা হল প্রত্যেক এইচ.ডি. চিকিৎসার আগে আপনার গ্রাফট করা বাহুটি (বা পাটি) অ্যান্টিবায়োটিকের সাবান বা অ্যালকোহল দিয়ে ধোওয়া ।

ডায়ালিসিসের সময়ে আপনার গ্রাফট দৃষ্টিগোচর রাখুন

» এইচ.ডি.-র সময়ে আপনার গ্রাফট সব সময়ে উন্মুক্ত রাখুন যাতে কর্মীরা তা দেখতে পান । যদি কোন সুচ বেরিয়ে আসে, বা একটি লাইন খুলে যায়, কর্মীরা সঙ্গে সঙ্গে তা জানতে পারবেন যাতে তারা আপনাকে সাহায্য করতে পারেন । আপনি একটি কম্বল গায়ে দিতে পারেন - কিন্তু কখনো আপনার গ্রাফট ঢেকে রাখবেন না ।



যে ব্যক্তিটিরিয়া অন্য কোন উপায়ে আপনার শরীরে যায় (যেমন দাঁত পরিষ্কার করার সময়ে) তা আপনার রক্তধারার মাধ্যমে আপনার গ্রাফটে পৌঁছতে পারে এবং সংক্রমণের সৃষ্টি করতে পারে। খেয়াল করুন আপনাকে গ্রাফটের জায়গায় গরমভাব, লালভাব বা ফোলা আছে কিনা। আপনার জ্বর হতে পারে বা আপনার ফু হু হয়েছে বলে মনে হতে পারে। যদি তা হয়, আপনার কেয়ার টিমকে সংক্রমণের জন্য আপনার গ্রাফট পরীক্ষা করতে বলুন।

স্টেনোসিস: রক্তনালিকা সরু হয়ে যাওয়া

স্টেনোসিস ধীরে ধীরে আপনার গ্রাফটে ঢোকা এবং তা থেকে বেরোনের রক্ত প্রবাহ বন্ধ করে দেয়, কাজেই আপনি সবচেয়ে ভালো বোধ করার মত যথেষ্ট এইচ.ডি. পান না। তবে এর ফলে গ্রাফট ক্ষতিগ্রস্ত হওয়ার আগে তা ঠিক করার প্রায়ই সময় থাকে। কয়েকটি জিনিষ যা আপনি করতে পারেন তা হল:

- প্রত্যেক দিন আপনার গ্রাফটের শিরশিরানি (শব্দ) অনুভব করুন। তাতে পরিবর্তন হলে ডাক্তারকে ডাকুন।
- যদি বেশিরভাগ চিকিৎসার পরে আপনার রক্তপাত বন্ধ হওয়া কঠিন হয়, স্টেনোসিসের জন্য আপনার গ্রাফটে চাপ বেড়ে যাওয়া তার কারণ হতে পারে। ডাক্তারকে ডাকুন।
- কাউকে রক্ত টেনে নিতে, একটি আই.ভি. শুরু করতে, বা আপনার গ্রাফটের বাহুতে রক্তচাপ মাপতে দেবেন না।

ডায়ালিসিসের সুচগুলির বিষয়ে রোগীরা যা বলেন

অনেক ব্যক্তি যারা এইচ.ডি. বেছে নেন তারা সুচের বিষয়ে উদ্বিগ্ন থাকেন। সুচ লাগানোর স্থানগুলি ওষুধ দিয়ে অবশ্য করে দেওয়া যায়। ডায়ালিসিসের সুচগুলি ঢুকিয়ে রাখার সময় কেমন লাগে? যে ব্যক্তির এ র মধ্য দিয়ে গিয়েছেন তাঁরা আপনাকে তা জানাতে পারবেন:


» “আমি কোন ওষুধ ব্যবহার করি না। যখন আমি প্রথম শুরু করি আমারও আপনার মত একই ভয় ছিল। যা আমাকে সাহায্য করেছে তা হল মনে মনে তা কল্পনা করা। আমি নিজেকে বলি যে আমি যেটা পছন্দ করি না তা বস্তুত হল সুচের খোঁচা। আমি ভেবে দেখেছি যে প্রত্যেক সুচের জন্য আধ সেকেন্ড সময় লাগে। আমি যা ভয় পেতাম তা শুধুমাত্র এক সেকেন্ড থাকে। আমি ভেবে দেখলাম যে আমি অতটুকু ব্যথা সহ্য করতে পারি।”

» “আমার অভিজ্ঞতা হল যে লিডোকেইন সুচগুলিতে কয়েক সেকেন্ডের জন্য ব্যথা লাগে (কখনো কখনো আমি তা টেরও পাই না)। অন্যদিকে, যে সময়গুলিতে আমি ডায়ালিসিসের সুচগুলি ভিতরে ঢোকা টের পাই, তাতে সত্যিই ব্যথা লাগে, যদিও আমি যতটা বেশি ভেবেছিলাম তা তার থেকে কম। কিন্তু আমার এই ব্যথা বেশ কয়েক মিনিট ধরে থাকে। তাই আমি লিডোকেইন গ্রহণ করতে পছন্দ করি এবং আমি খুশি যে আমার এই বিকল্প আছে।”

স্টেনোসিস মেরামত করা

» আল্ট্রাসাউণ্ড আপনার গ্রাফটে রক্তের প্রবাহ পরীক্ষা করতে পারে। যদি কোন সমস্যা থাকে:

- একটি ছোট্ট বেলুন নালিকাটিতে রেখে তা ফুলিয়ে দেওয়া হয় (অ্যাঞ্জিওপ্লাস্টি)
- নালিকাটিতে একটি ধাতুর স্টেন্ট রেখে তা খোলা রাখা যায়।
- আপনার গ্রাফটের পরিবর্তন বা প্রতিস্থাপন করতে অস্ত্রোপচার করা যায়।



চলমান রক্তপিণ্ডগুলির দিকে নজর রাখুন!

» আপনার গ্রাফটে রক্ত পিণ্ডটি স্থায়ী নাও থাকতে পারে। রক্তপিণ্ড গলে গিয়ে আপনার সারা শরীরে ঘুরে বেড়াতে পারে। যদি সাম্প্রতিককালে আপনার কোন রক্তপিণ্ড জমাট বেঁধে থাকে এবং আপনার পিঠে ব্যথা বা নিশ্বাস নিতে কষ্ট হয়, আপৎকালীন সেবার সন্ধান করুন।

প্রশ্নসি: রক্ত পিণ্ড

রক্তে জমাট বাঁধার কোষগুলি (যাদের প্লেটলেট বা অনুচক্রিকা বলা হয়) একসাথে আটকে থাকে। তারা ক্ষতিগ্রস্ত রক্তনালিকাগুলি বন্ধ করে দেয়, যেমন একটি কর্ক বোতলের মুখ আটকে দেয়। কিন্তু প্লেটলেটরা ক্ষতের টিস্যুতেও আটকে থাকে - এবং প্রতিটি সুচ একটি ছোট ক্ষতের সৃষ্টি করে। যদি আপনার গ্রাফটের মধ্য দিয়ে রক্ত খুব মন্থরভাবে বয়ে যায়, এই ছোট ক্ষতগুলি থেকে রক্তপিণ্ডের সৃষ্টি হতে পারে। একটি রক্তপিণ্ড গ্রাফটটিকে আটকে দিতে পারে যাতে এর মধ্য দিয়ে কোন রক্ত চলাচল না করে। গ্রাফটিকে মেরামত করতে হবে- বা তা প্রতিস্থাপিত করতে হবে।

রক্ত রক্তপিণ্ডের সৃষ্টি তাড়াতাড়ি হতে পারে যা স্টেনোসিসে হয় না। প্রধান সর্তকতামূলক লক্ষণ হল শিরশিরেভাব কমে যায় বা বন্ধ হয়ে যায়। যদি আপনি তা লক্ষ্য করেন আপনার ডাক্তার বা নার্সকে অবিলম্বে তা জানান।

অনেক রক্তপিণ্ডের চিকিৎসা ওষুধ, এক্স-রে নির্দেশিত পদ্ধতি, বা অস্ত্রোপচারের মাধ্যমে করা যায়। রক্তপিণ্ড জমাট বাঁধা আটকাতে আর যা যা আপনি করতে পারেন তা হল:


- আপনার যদি মাংসপেশীতে সঙ্কোচন হয় বা দুর্বল লাগে, মাথা ঝিম ঝিম করে, পেটে অস্বস্তি হয় আপনার কেয়ার টিমকে তা অবিলম্বে জানান।
- দুটি চিকিৎসার মধ্যে বেশি তরলজাত ওজন বাড়াবেন না।
- আপনার তরলের লক্ষ্যমাত্রা এবং শুষ্ক ওজন জেনে নিন। পরীক্ষা করুন যে আপনার যন্ত্রে তরলের লক্ষ্যমাত্রা সঠিকভাবে নির্ধারণ করা আছে কিনা যাতে আপনি অত্যন্ত শুষ্ক না হয়ে যান।
- আপনার গ্রাফটটি টিপে বা মুচড়ে ধরবেন না: আপনার গ্রাফটের ওপর শোবেন না বা তার আশপাশ দিয়ে ভারী জিনিষ বইবেন না। শক্ত করে বাঁধা হাতঘড়ি, ব্রেসলেট বা আস্তিন (জামার হাতা) পরিহার করুন।
- আপনার রক্ত জমাট বাঁধা প্রতিরোধকারী ওষুধের মাত্রা জেনে নিন এবং প্রশ্ন করে নিশ্চিত করুন যে আপনি তা সঠিক মাত্রায় নিচ্ছেন।

গ্রাফটের ক্ষত

প্রত্যেক এইচ.ডি. সুচ একটি ফুটোর সৃষ্টি করে - এবং কৃত্রিম গ্রাফট নিজে নিজে সারে না। যদি একই ছোট জায়গায় বার বার সুচ ফোটানো হয়, দুই ধরনের জীবন সংশয়কারী সমস্যা হতে পারে:

- গ্রাফটের দেয়ালে এক বড় দুর্বল স্থান তৈরি হতে পারে- ও তা ফেটে যেতে পারে। যখন রক্তনালিকাগুলি দুর্বল হয়ে যায় ও তা বেলুনের মত বাইরের দিকে ফুলে ওঠে, তাকে অ্যানিউরিজম বলা হয়। কৃত্রিম গ্রাফটে একে সিউডোঅ্যানিউরিজম (ছদ্ম অ্যানিউরিজম) বলা হয়।
- গ্রাফটের বিভিন্ন স্থানে ছোট ক্ষতগুলি একটি বা তার বেশি স্থান তৈরি করতে পারে। একে কখনো কখনো “ওয়ান-সাইট-আইটিস” বলা হয়।

যখন গ্রাফটে ক্ষত থাকে- তা বড় বা ছোট যে কোন রকমের হতে পারে- যদি গ্রাফটটি ফেটে যায় তাহলে প্রচুর রক্ত ক্ষরণের ঝুঁকি থেকে যায়। গ্রাফটটির মেরামত বা প্রতিস্থাপন করার প্রয়োজন হবে।




আপের ব্যবহৃত স্থানগুলি থেকে অন্তত ঠিক ইঞ্চি দূরে যাতে সুচটি লাগানো হয় তা প্রতিবার নিশ্চিত করে আপনি এই সমস্যাটি এড়িয়ে চলতে পারেন। এই উপায়ে কোন একটি স্থান বার বার ব্যবহৃত হবে না।

উপসংহার

গ্রাফটের ভালোভাবে দেখাশুনা করার লক্ষ্য হল আপনার জীবনের পথটি চালু রাখা যাতে আপনি ভালো করে এইচ.ডি. পেতে পারেন। এটি আপনার গ্রাফট এবং আপনার স্বাস্থ্য, যার ঝুঁকি থাকে। আপনার গ্রাফটটি সুস্থ রাখার আপনার সম্ভাবনা সবচেয়ে বেশি যখন আপনি আপনার কেয়ার টিমের একজন সক্রিয় সহযোগী হন।

টীকা:



MEDICAL • EDUCATION
I N S T I T U T E *inc.*

WWW.MEDICALEDUCATIONINSTITUTE.ORG

© 2009, Medical Education Institute, Inc. www.meiresearch.org